# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৮০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২৫]

৭। কুরআনের মর্যাদাসমূহ ও এতদসংশ্লিষ্ট বিষয় (باب فضائل القران وما يتعلق به)

পরিচ্ছেদঃ ১৯. যে সকল ওয়াক্তে সালাত আদায় করা নিষেধ

باب الأَوْقَاتِ الَّتِي نُهِيَ عَنِ الصَّلاَةِ، فِيهَا .

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنِ الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَعَنِ الصَّلاَةِ بَعْدَ الصُّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ .

বাংলা

১৮০৫-(২৮৫/৮২৫) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... আবূ হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। 'আসরের সালাতের পর থেকে সূর্যস্ত না হওয়া পর্যন্ত এবং ফজরের সালাতের পর থেকে সূর্য উদিত না হওয়া পর্যন্ত রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করতে নিষেধ করেছেন*। (ইসলামী ফাউন্ডেশন ১৭৯০, ইসলামীক সেন্টার ১৭৯৭)

## English

Abu Huraira is reported to have said that the Messenger of Allah (ﷺ) prohibited to observe prayer after the 'Asr prayer till the sun is set, and after the dawn till the sun rises.

ফুটনোট

* এ সময়ে ফারযের ক্বাযা আদায় করা যাবে এ মর্মে উলামাদের ঐকমত্য রয়েছে। কারণগত সালাত যেমন তাহইয়াতুল মাসজিদ, তিলাওয়াতের সিজদা ও শুকরিয়ার সিজদা, চন্দ্র ও সূর্য গ্রহণের সালাত, জানাযাহ আদায় করার ব্যাপারে আবূ হানীফা (রহঃ) বিপরীত মত পোষণ করলেও অধিকাংশ উলামাগণ এ সময়ে ঐ সকল সালাত আদায়ের পক্ষে জোরালো মত পোষণ করেছেন। আর ছুটে যাওয়া ফাজরের সুন্নাতও আদায় করা যাবে যেমনটি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের পরের দু' রাকাআত সুন্নাত 'আসরের পরে আদায় করেছিলেন- যার স্পষ্ট বর্ণনা রয়েছে। (মুসলিম শায়হে নাবাবী- ১ম খণ্ড ২৭৫ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন